ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩২৫৮</u>
আগরতলা,২৮ মার্চ,২০২৫

**রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে : পর্যটনমন্ত্রী**

রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। সারা দেশে পর্যটনের মানচিত্রে ত্রিপুরাকে তুলে ধরতে ওয়াটার ট্যুরিজম একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। এই লক্ষ্যেই রাজ্যের বিভিন্ন জলাশয়গুলিকে কেন্দ্র করে বিভিন্ন ওয়াটার স্পোর্টস, স্পিড বোট, শিকারা চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। আজ উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে পর্যটন দপ্তরের উদ্যোগে ২০ আসনবিশিষ্ট ২টি স্পিড বোট, ৬টি শিকারার সূচনা করে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। উল্লেখ্য, স্পিড বোটগুলি ছবিমুড়া পর্যটন কেন্দ্রের জন্য এবং শিকারাগুলি লক্ষ্মীনারায়ণ বাড়ির দীঘি, রুদ্রসাগর ও নারকেলকুঞ্জে পর্যটকদের পরিষেবা প্রদান করবে।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে পর্যটনমন্ত্রী আরও বলেন, আগামীদিনে আরও এই ধরনের ৫০টি নতুন বোট ক্রয়ের উদ্যোগ নেওয়া হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি। অনুষ্ঠানে পর্যটন দপ্তরের বিভিন্ন আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****